গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ১৬-০৮-২০১৬ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্য এবং আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন ও আইসিটি সমন্বয় সভার কার্যবিবরনী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল, বাপাউবোর ভিডিও কনফারেন্সিং সিস্টেম, অনলাইন রিক্যুর্টমেন্ট সিস্টেম ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারনাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

৩। সিদ্বান্তঃ

ক) আইসিটি নীতিমালা ২০১৫ এর স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী প্রতিটি বিষয়ের অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্ঠভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে। আইসিটি নীতিমালা ২০১৫ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তিন মাস অন্তর (জানু-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর) এ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।

খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মাঠ পর্যায় পর্যন্ত ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য চিঠি দিবে এবং মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

গ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আগামী ৩ মাসের মধ্যে প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে।

ঘ) দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।

ঙ) দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে আগামী ১ মাসের মধ্যে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

চ) মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।

ছ) বাপাউবো অনলাইন রিক্যুর্টমেন্টের যে সফটওয়্যারটি ডেভেলপ করছে সেখানে পাসম এর জন্য একটি মডিউল রাখা যেতে পারে।

জ) ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালু করার বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে পত্র দিবে এবং পানি সম্পদ মন্ত্রণালয়কে অনুলিপি প্রদান করবে। উল্লেখ্য , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভিডিও কনফারেন্সিং সিস্টেমের সঙ্গে সংযুক্ত রাউটারটি নষ্ট রয়েছে।

ঝ) পরবর্তী সভায় বাপাউবোর প্রশিক্ষণ পরিদপ্তর থেকে প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঞ) উপসচিব বাজেট জনাব নন্দিতা সরকার মন্ত্রণালয়ের সকল উইং/অধিশাখা/শাখা কর্মকর্তাগণের সমন্বয়ে তাদের কার্যক্রম পরস্পরকে অবহিত করার জন্য একটা সেমিনারের আয়োজন করার প্রস্তাব করেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাসম এর প্রশাসন শাখাকে বলা যেতে পারে।

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪/০৮/২০১৬
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
এবং আইসিটি ফোকাল পয়েন্ট